**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচন একদিন এগিয়ে আগামী ১৩ই এপ্রিলের পরিবর্তে ১২ই এপ্রিল অনুষ্ঠিত হবে। রাজ্য নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি জারি।**
**(২) রাজ্য বিধানসভার নতুন অধ্যক্ষ হিসাবে নির্বাচিত হয়েছেন রামপদ জমাতিয়া।**
**(৩) রাজ্যসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সংসদীয় গণতন্ত্রে বিদায়ী সাংসদদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।**
**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, রাজ্যে প্রাথমিক বিদ্যালয়সমূহে ড্রপ আউটের হার বর্তমানে শূন্য।**
**(৫) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়।**

*****************************************

**ADC Election :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নির্বাচন একদিন এগিয়ে আগামী ১৩ই এপ্রিলের পরিবর্তে ১২ই এপ্রিল করা হয়েছে। এবিষয়ে আজ রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, রাজ্য বিধানসভার সর্বসম্মতি প্রস্তাবের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র ভোটের দিন পরিবর্তন করে ১২ই এপ্রিল করা হয়েছে। এছাড়া ঘোষিত অন্যান্য সব দিনক্ষণ অপরিবর্তিত রাখা হয়েছে।

*****************************

**Bye-Election :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে আজ ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখেন। ধর্মনগরে জেলাশাসক কার্যালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে শ্রী পান্ডে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক উষা জেন মগ, উত্তর ত্রিপুরার জেলা শাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন, নির্বাচন কমিশনের পুলিশ পর্যবেক্ষক এস সিতেশ বিনো, অতিরিক্ত মহানির্দেশক জি এস রাও, উত্তর জেলার পুলিশ সুপার অভিনাশ রাই, ধর্মনগর বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা মহকুমা শাসক দেবযানী চৌধুরী। পর্যালোচনা বৈঠক শেষে মুখ্য নির্বাচনী আধিকারিক কয়েকটি ভোট কেন্দ্র, গণনা কেন্দ্র ও স্ট্রং রুম পরিদর্শন করেন।

*****************************

**Speaker-Assembly :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন বিধায়ক রামপদ জমাতিয়া। আজ ত্রয়োদশ বিধানসভার নবম অধিবেশনের চতুর্থ দিনে অধ্যক্ষ নির্বাচন করা হয়। অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হওয়ার পর শ্রী জমাতিয়াকে শুভেচ্ছা জানান উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মুখ্য সচেতক কল্যাণী রায়, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য বিধায়কগণ। অধ্যক্ষ শ্রী জমাতিয়া সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং অধিবেশন পরিচালনার ক্ষেত্রে সবার সহযোগিতা কামনা করেন।

*************************

**PM-Rajya Sabha :**

আজ রাজ্যসভা ২০টি রাজ্যের ৫৯ জন সাংসদকে বিদায় জানিয়েছে, যাদের মধ্যে ৯ জন মহিলা সদস্যাও ছিলেন। বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, সংসদীয় গণতন্ত্রে বিদায়ী সাংসদদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। দেশের প্রতি তাদের অভিজ্ঞতা ও অবদান সর্বদা প্রাসঙ্গিক এবং মূল্যবান হয়ে থাকবে।

*************************

**Assembly-Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন রাজ্যে ইতিমধ্যে ৪ লক্ষ ৮৭ হাজার রেশন কার্ডের আধার E-KYC সম্পন্ন হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। তিনি জানান, এখন পর্যন্ত খাদ্য দপ্তরের পক্ষ থেকে ৪ লক্ষ ৮৭ হাজার ডিজিটাল রেশন কার্ড তৈরি করে ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। বাকি পাঁচ লক্ষ এক হাজার রেশন কার্ডের মধ্যে এখন পর্যন্ত ৮৪ হাজার ১৫২টি রেশন কার্ডের E-KYC প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। রেশন কার্ডে নথিভুক্ত সকল সদস্যদের আধার নাম্বার সংযুক্ত করা হয়েছে। এই প্রক্রিয়ায় প্রায় ৬২ হাজার রেশন কার্ড ভুয়া হিসাবে চিহ্নিত কোরে বাতিল করা হয়।

*************************

**Observer-State Police :**

নির্বাচন কমিশন রাজ্য পুলিশের আইন শৃঙ্খলা বিভাগের আইজি ইপ্পার মনচাককে আসাম বিধানসভা নির্বাচনে এবং পুলিশের ক্রাইম বিভাগের আইজি আবুলা রমেশ রেড্ডিকে তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করেছে। পুলিশ সদর দপ্তর সুত্রে আজ এখবর জানা গেছে।

*************************

**CM-Governor speech :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শক্তিশালী ত্রিপুরা গড়তে হলে ভোকাল ফর লোকালের উপর জোর দিতে হবে। আজ বিধানসভায় রাজ্যপালের ভাষনের উপর আনা ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর আলোচনায় অংশগ্রহণ করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত নাগরিকদের কল্যাণ নিশ্চিত করতে রাজ্য সরকারের অঙ্গীকারের ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, শিক্ষা, স্বাস্থ্য, জনজাতি কল্যাণ সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে পরিকাঠামো শক্তিশালী করার ওপর বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা, আয়ুষ্মান কার্ড বিতরণ সহ স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তাছাড়া কৃষি ক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা এখন বিশ্বের দরবারে নিজের স্থান করে নিয়েছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Assembly-Drop Out :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, রাজ্যে প্রাথমিক বিদ্যালয়সমূহে ড্রপ আউটের হার বর্তমানে শূন্য। এই ড্রপ আউটের হার শূন্য রাখার জন্য বুনিয়াদি শিক্ষা দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের এক প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান। ড্রপ আউটের হার শূন্য রাখার জন্য নেওয়া কর্মসূচির উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, নিপুণ ভারত মিশনকে সামগ্রিকভাবে সফল করার জন্য কর্মসূচি নেওয়ার পাশাপাশি শিশুদের সামাজিক ও মানসিক সুস্থতা এবং সামগ্রিক বিকাশের জন্য সহর্ষ ত্রিপুরা কর্মসূচি নেওয়া হয়েছে। তাছাড়া শিখন সহায়ক সামগ্রী, ছাত্রছাত্রীদের জন্য খেলার সামগ্রী প্রদান করা হচ্ছে। ইউ.ডি.আইএস.ই ট্র্যাকিংয়ের মাধ্যমে ছাত্রছাত্রীদের ড্রপ আউট সনাক্তকরণ, ডিজিটাল লার্নিংয়ের মাধ্যমে শিক্ষা প্রদান, প্রত্যেকটি বিদ্যালয়ের জন্য গ্রন্থাগারের ব্যবস্থা, স্কুলের বাইরে থাকা শিশুদের জন্য বিশেষ প্রশিক্ষণ, প্রত্যন্ত অঞ্চলের ছাত্রছাত্রীদের জন্য আবাসিক ছাত্রাবাসের ব্যবস্থা, ছাত্রছাত্রীদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য স্টাইপেন্ডের ব্যবস্থা, নিয়মিতভাবে শিক্ষক, অভিভাবক সম্মেলনের আয়োজন এবং বিনামূল্যে স্কুল ইউনিফর্ম ও পাঠ্যপুস্তক প্রদান করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

***************************

**ARDD−Workshop :**

ঊনকোটি জেলার কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ জাতীয় লাইভস্টক মিশন বা N.L.M এর পৃষ্ঠপোষকতায় এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিষয় ছিল "উদ্যোগ ও বিজ্ঞানভিত্তিক গবাদি পশু ব্যবস্থাপনা"। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে ও আত্মনির্ভর হবার জন্য প্রাণীপালনের গুরুত্ব অপরিসীম। আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংকল্প'কে বাস্তবায়িত করতে, দুধ ও মাংস উৎপাদনে স্বয়ম্ভর হতে হবে।

বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস প্রমুখ।

*************************

**KVK-Sepahijala :**

সিপাহীজলা জেলার ছেচরিমাই গ্রাম পঞ্চায়েতের থালভাঙ্গা এলাকার কৃষকদের নিয়ে আজ সমন্বিত কৃষিশত্রু ব্যবস্থাপনার উপর একদিনের "ফার্মারস ফিল্ড স্কুল" অনুষ্ঠিত হয়েছে। ICAR-NRIIPM নুতনদিল্লির অর্থানুকূল্যে সিপাহীজলা কৃষিবিজ্ঞান কেন্দ্রের ব্যবস্থাপনায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। ফিল্ড স্কুলের আলোচনা সভায় উপস্থিত কৃষকদের রাসায়নিক কীটনাশক ছাড়া কিভাবে আঠালো ফাঁদ, আলোক ফাঁদ ইত্যাদির মাধ্যমে জমিতে ক্ষতিকারক কীটপতঙ্গ নিধন করা যায়, সেবিষয়ে প্রশিক্ষন প্রদান করেন কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীরা।

**************************

**Assambly-Recruitment :**

চলতি অর্থবছরের এপ্রিল থেকে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩২৯১ জনকে চাকুরী দেওয়া হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের আনা একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে শ্রমমন্ত্রী টিংকু রায় এই তথ্য জানান। তিনি আরো জানান, ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ২০ হাজার ৮৪৫ জনকে সরকারি চাকুরী দেওয়া হয়েছে।

************************

**MMD College :**

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের ককবরক বিভাগের উদ্যোগে ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা অধিদপ্তরের আর্থিক সহায়তায়

কলেজের অডিটরিয়ামে ‘ককবরক ভাষাভাষী সম্প্রদায়ের মৌখিক ঐতিহ্য, লোককাহিনী, লোকগীতি এবং নৃত্যশৈলী’ বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন কলেজ অধ্যক্ষ ড. অনুপম গুহ।

*****************************

**CPIM :**

সারা ভারত কৃষক সভা, উপজাতি গণমুক্তি পরিষদ ও ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়ন যৌথভাবে কৃষক, জুমিয়া, ক্ষেতমজুরদের স্বার্থসংশ্লিষ্ট ১২ দফা দাবিতে আজ আগরতলায় বিধানসভা অভিযান সংগঠিত করে। এই উপলক্ষে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক মিছিল বিধানসভা ভবনের উদ্দেশ্যে রওনা হলে উত্তর গেইট এলাকায় পুলিশ মিছিলটি আটকে দেয়। মিছিলে অংশগ্রহণ করেন সারা ভারত কৃষক সভার সাধারণ সম্পাদক বিজু কৃষ্ণান, বিরোধী দলনেতা তথা সি.পি.আই.এম রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরি, সারা ভারত কৃষক সভা রাজ্য সম্পাদক পবিত্র কর, উপজাতি গণমুক্তি পরিষদের সাধারণ সম্পাদক রাধাচরণ দেববর্মা, ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়ন সম্পাদক শ্যামল দে প্রমুখ। সারা ভারত কৃষক সভা রাজ্য সম্পাদক পবিত্র কর জানান, আজকের এই কর্মসূচিতে উল্লেখযোগ্য দাবিগুলি ছিল রাজ্যে সমস্ত কৃষকদের জন্য জন্য পর্যাপ্ত পরিমাণে সার, বীজ, কীটনাশকের ব্যবস্থা করা, জলসেচ প্রকল্পগুলোকে পুরো কৃষি মরশুমে সচল রাখা, এম জি এন রেগা আইন বহাল রাখা, বছরে ২০০ দিনের রেগার কাজ ও দৈনিক মজুরি ৬০০ টাকা করে দেওয়া।

*************************

**Accident death of Journalist :**

শান্তিরবাজার মহকুমার রাজাপুর এলাকায় গতকাল রাতে সড়ক দুর্ঘটনায় স্যন্দন পত্রিকার সাংবাদিক নন্দন চক্রবর্তীর মৃত্যু হয়েছে। আজ বিকেলে তার মরদেহ আগরতলার প্রেসক্লাবে নিয়ে আসা হলে সেখানে সাংবাদিকরা শেষ শ্রদ্ধা জানান। সাংবাদিক নন্দন চক্রবর্তীর মৃত্যুতে ত্রিপুরা মানবাধিকার

সংস্থার সম্পাদক বরিষ্ঠ আইনজীবী পুরুষোত্তম রায় বর্মণ গভীর শোক প্রকাশ করেন।

************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় ওল্ড প্লে সেন্টার ৪ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং এম বি বি স্টেডিয়ামে মৌচাক ক্লাব ৪ উইকেটে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই ও ঊনকোটি জেলায় ঘন্টায় ৪০–৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

********************************